

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ
প্রশাসন ও মানব সম্পদ বিভাগ
মানব সম্পদ শাখা
১৪১-১৪৩, মতিঝিল বা/এ ঢাকা-১০০০।

নথি নং- ১৮.৭০৭.০৪৫.০০.০০.১৯৯.২০১৯/১২৭৫

তারিখঃ ২৯/১২/২০২৫খ্রিঃ।


বিজ্ঞপ্তি

অত্র কর্তৃপক্ষের সংশ্লিষ্ট সকল বিভাগের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিগত ০৭/০২/২০১২ তারিখে অনুষ্ঠিত কর্তৃপক্ষ সভায়(সভা নং-০১/২০১২) গৃহীত সিদ্ধান্তের আলোকে দপ্তর আদেশ নং-৪৬২/২০১২; তারিখ:১৫/০৩/২০১২ খ্রিঃ এর মাধ্যমে কর্তৃপক্ষে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীগণের বদলীর একটি নীতিমালা জারি করা হয়।

০২। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন বিভাগ হতে উক্ত নীতিমালা অনুসরণ না করে কোন কোন ক্ষেত্রে নীতিমালার ব্যত্যয় ঘটিয়ে সদস্যগণ বা চেয়ারম্যান মহোদয় বরাবর কর্মকর্তা/কর্মচারীগণের বদলীর প্রস্তাবনা উপস্থাপন ও অনুমোদন গ্রহণপূর্বক প্রশাসন ও মানব সম্পদ বিভাগে প্রেরণ না করে সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক আদেশ জারি করা হচ্ছে। এর ফলে কোন কোন ক্ষেত্রে ত্রুটিপূর্ণ ও যথার্থ নয় এরূপ তথ্য আদেশে সন্নিবেশিত হচ্ছে। এতে দাপ্তরিক কাজে জটিলতা সৃষ্টি হচ্ছে। এরূপ কার্যকলাপের প্রেক্ষিতে চেয়ারম্যান মহোদয় অসন্তোষ প্রকাশ করেছেন।

০৩। কর্তৃপক্ষে বিদ্যমান উল্লেখিত বদলী নীতিমালা অনুসরণপূর্বক(ব্যতিক্রম ক্ষেত্র ব্যতীত) কর্মকর্তা/কর্মচারীগণের বদলীর প্রস্তাব উপস্থাপন করার জন্য সংশ্লিষ্ট সকল বিভাগের প্রতি আহ্বান জানানো যাচ্ছে।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।



(সালমা আফরোজ)

উপপরিচালক(ওএন্ডএম)

তারিখঃ ২৯/১২/২০২৫খ্রিঃ।

নথি নং- ১৮.৭০৭.০৪৫.০০.০০.১৯৯.২০১৯/১২৭৫

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

- ০১। সকল বিভাগীয় প্রধান, বিআইডব্লিউটিএ, ঢাকা/নারায়ণগঞ্জ/বরিশাল/মাদারীপুর(আপনার অধীনস্থ সকল দপ্তর/শাখা সমূহে কর্মকর্তা/কর্মচারীদের অবহিত করণের অনুরোধসহ)।
- ০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা(আদর্শেটি বিআইডব্লিউটিএ'র ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ)।
- ০৩। সমন্বয় কর্মকর্তা, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০৪। সদস্য(পরিকল্পনা ও পরিচালন) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০৫। সদস্য(অর্থ) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০৬। সদস্য(প্রকৌশল) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০৭। নথি।